



আমগাছের ডাল

ইন্দ্র মিত্র

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

রেষ্টুরেন্টে বসে রাম্মের বিমর্ষ হয়ে চা খাচ্ছেন। একজন চেনা ভদ্রলোক রাম্মেরকে বললেন - মশাই, খুব মুষড়ে পড়েছেন বলে মনে হচ্ছে।

রাম্মের সায় দিয়ে বললেন - খুব মুষড়ে পড়েছি।

- কেন ?

- বৌ রাগ করে আমার সঙ্গে বাক্যালাপ বন্ধ করে দিয়েছে। একমাস কথা বন্ধ। আমার বৌকে আপনি চেনেন না, খুব সাংঘাতিক মহিলা, তার কথার নড়চড় হয় না। এককথায় সে জানিয়ে দিয়েছে, একমাস কথা বন্ধ। ভদ্রলোক উৎসাহিত হয়ে বললেন - আপনি তো খুব ভাগ্যবান পুষ্, মশাই। বৌ একমাস কথা না বললে তো স্বর্গসুখ। পুরোপুরি একটা মাস আপনি রাজার হালে থাকবেন। রাম্মের দীর্ঘশ্বাস ফেলে বললেন - সেই সুখের মাসের আজই শেষ দিন, কাল থেকে বৌ আবার বাক্যালাপ আরম্ভ করবে, সাথে কি আর এত মুষড়ে পড়েছি মশাই!

এই ঘটনার কিছুকাল পর রাম্মেরের স্ত্রী অসুখে পড়লেন। খুব শক্ত অসুখ। অনেকদিন ভুগলেন এবং শেষ পর্যন্ত তিনি মারা গেলেন।

পাড়ার ছেলেরা ছুটে এল। রাম্মেরের স্ত্রীকে সুন্দর খাটে শোয়ানো হল, খাট কাঁধে নিয়ে পাড়ার ছেলেরা চলল মশানে, সঙ্গে রাম্মেরও আছেন।

পথের বাঁকে একটা আমগাছ। আমগাছের একটা ডাল রাম্মেরের স্ত্রীর মাথায় লেগে গেল। একটা আশর্ষ্য কাণ্ড হল তারপর। রাম্মেরের স্ত্রী খাটে উঠে বসে চিৎকার করে উঠলেন - আমি কোথায় ?

আরমশানে যাওয়া হল না। খাট নিয়ে পাড়ার ছেলেরা ফিরে এল রাম্মেরের বাড়িতে।

রাম্মের ছুটলেন ডাক্তারের কাছে।

ডাক্তার এসে রাম্মেরের স্ত্রীকে পরীক্ষা-টরীক্ষা করে বললেন - আমি দেখে শুনে ঠিকমতো ডেথ-সার্টিফিকেট দিয়েছিলাম, আমার কোন ভুল হয়নি। হঠাৎ আমগাছের ডালের চোট খেয়ে উনি আবার বেঁচে উঠেছেন। আমার কোনো দোষ নেই। কী

আর বলব। কপাল!

আস্তে আস্তে রাম্মেরের স্ত্রী সুস্থ হয়ে উঠলেন। আগে যেমন চালাচ্ছিলেন, আবার দাণ বিব্রমে সংসার চালাতে লাগলেন।

তিন বছর বাদে আবার অসুখে পড়লেন রাম্মেরের স্ত্রী। আবার সেই ডাক্তার এলেন। এবার আর রাম্মেরের স্ত্রী বেশিদিন ভুগলেন না। দিন কয়েক ভুগেই শেষ নিশ্বাস ফেললেন। ডাক্তার দেখেশুনে ডেথ সার্টিফিকেট দিয়ে গেলেন।

আবার পাড়ার ছেলেরা ছুটে এল। আগের মতো রাম্মেরের স্ত্রীকে সুন্দর খাটে শোয়ানো হল, খাট কাঁধে নিয়ে পাড়ার ছেলেরা চলল মশানে, সঙ্গে রাম্মেরও আছেন।

পথের ধারে সেই আমগাছটা যেমন ছিল তেমনি আছে। আমগাছের কাছাকাছি আসতেই রাম্মের চিৎকার করে পাড়ার ছেলেদের বললেন - ভাইসব, জায়গাটা খুব সাবধানে পার হও। দেখো, আগের বারের মতো আমগাছের ডাল আবার ওর মাথায় না লেগে যায়। সেবারের মতো আবার একটা বিতিকিচ্ছিরি কান্ডনা হয়।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com